



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ অক্টোবর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সংখ্যালঘুদের ওপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে

## মাটিরাজায় ইউপিডিএফের সমাবেশ

‘ভূমিদস্যু, হামলাকারী ও ফ্যাসিস্টদের হাতে জনগণ নিরাপদ নয়’ এই শ্লোগানে কুমিল্লা ও রংপুরের পীরগঞ্জসহ সারাদেশে সংখ্যালঘুদের ওপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে খাগড়াছড়ির মাটিরাজায় সমাবেশ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ রবিবার (২৪ অক্টোবর ২০২১) সকাল ১০ টার সময় ইউপিডিএফ’র মাটিরাজা ইউনিট এই সমাবেশের আয়োজন করে।

সমাবেশে নিশান মারমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফ’র মাটিরাজা ইউনিটের সংগঠক তৈফাং ত্রিপুরা, জনপ্রতিনিধি পঞ্চ কুমার ত্রিপুরা ও ধর্জেন্দ্র ত্রিপুরা, গণতান্ত্রিক যুব ফোরামের মাটিরাজা উপজেলা সভাপতি নন্দলাল ত্রিপুরা ও পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি)-এর মাটিরাজা উপজেলা শাখার সদস্য বিনয় ত্রিপুরা প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, সারাদেশে যেভাবে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের ওপর সাম্প্রদায়িক হামলার ঘটনা ঘটেছে তা সরকারের ব্যর্থতারই প্রতিফলন। জনগণের ভোটছাড়া ক্ষমতাসীন সরকার দেশের সংখ্যালঘু সম্প্রদায় ও ভিন্ন ভাষা-ভাষী জাতিসত্তাসমূহের নিরাপত্তা দিতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। ফলে সংখ্যালঘুদের আজ চরম নিরাপত্তাহীনতার মধ্যেই বসবাস করতে হচ্ছে।

তারা বলেন, কুমিল্লায় হামলার পর যদি সরকার নিরাপত্তামূলক পদক্ষেপ গ্রহণ করতো তাহলে পরবর্তীতে অন্যান্য জায়গায় হামলার ঘটনা ঘটতো না। কিন্তু দেখা গেছে সরকার-প্রশাসন সে ধরনের কোন পদক্ষেপই নেয়নি। এমনকি হামলার সময় ৯৯৯ নম্বরসহ প্রশাসন ও সরকারের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে যোগাযোগ করেও কোন সাড়া পাওয়া যায়নি বলে ভুক্তভোগীরা বিভিন্ন মিডিয়ায়

অভিযোগ করেছেন। এতই স্পষ্ট হয় যে, সরকারের একটি স্বার্থাঘেযী মহলই এই হামলার ঘটনায় জড়িত ছিল।


বক্তারা পার্বত্য চট্টগ্রামসহ দেশে অতীতে সংঘটিত সাম্প্রদায়িক হামলারগুলোর বিচার ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি না হওয়ার বার বার এমন ঘটনার পুনরাবৃত্তি ঘটছে বলে অভিযোগ করেন।

সমাবেশ থেকে বক্তারা অবিলম্বে সারাদেশে সংখ্যালঘুদের উপর হামলাকারী ও মদদদাতাদের গ্রেফতার পূর্বক বিশেষ ট্রাইব্যুনালের মাধ্যমে যথোপযুক্ত বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি, ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ প্রদান ও দেশের সকল ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান।

এছাড়াও, একই দাবিতে জেলার মানিকছড়িতে পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি) ও গণতান্ত্রিক যুব ফোরামের যৌথ উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মানিকছড়ি উপজেলা সদরের জামতলা এলাকার খাগড়াছড়ি-চট্টগ্রাম সড়কে বিক্ষোভ মিছিল শেষে অনুষ্ঠিত সমাবেশে পাহাড়ি ছাত্র পরিষদের মানিকছড়ি উপজেলা শাখার সাংগঠনিক সম্পাদক অংচল্লা মারমার সঞ্চালনায় বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের মানিকছড়ি উপজেলা সভাপতি অংচাই মারমা ও পাহাড়ি ছাত্র পরিষদের মানিকছড়ি উপজেলা সভাপতি অংহ্লাচিং মারমা।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)